

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪২৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০) বিনা ওজরে জামাআত ত্যাগ করার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك حضور الجماعة لغير عذر

আরবী

(حسن صحيح) وَعَنْ أَبِيْ الدَّرْداءِ رَضِيَ اللَّهُ عَنْهُ قالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَنْهُ قالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول مَا مِنْ ثَلاثَةٍ فِي قَرْيةٍ ، وَلاَ بَدْوٍ ، لا تُقَامُ فِيهِمُ الصَّلاَةُ إلاَّ قَد اسْتَحْوَدَ عَلَيْهِم الشَّيْطَانُ . فَعَلَيْكُمْ بِالجَمَاعَةِ ، فَإِنَّمَا يَأْكُلُ الذِّبْبُ مِنَ الغَنَمِ القاصِية (رواه أحمد وأبو داود والنسائي وابن خزيمة وابن حبان في صحيحيهما والحاكم) ، الحديث (رواه مسلم وأبو داود وغيرهما(

বাংলা

8২৭. (হাসান সহীহ) আবু দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি শুনেছি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ''তিন লোক যদি কোন গ্রামে থাকে এবং তাদের মাঝে জামাআত সহকারে সালাত প্রতিষ্ঠিত না করা হয়, তাহলে শয়তান তাদের উপর বিজয় লাভ করে। সুতরাং তোমাদের জন্যে আবশ্যক হচ্ছে জামাআতবদ্ধ হয়ে থাকা। কেননা দল ছুট ছাগলকে নেকড়ে বাঘে খেয়ে ফেলে।''

(আহমদ ৫/১৯৬, আবু দাউদ ৫৪৭, নাসাঈ ২/১০৬, ইবনে খুযায়মা ২/২৭১, ইবনে হিব্বান ২০৯৮ ও হাকেম হাদীছটি বর্ণনা করেছেন)

ইতোপূর্বে আবদুল্লাহ বিন মাসউদ (রাঃ) হতে বর্ণিত হয়েছেঃ

وَلَوْ أَنَّكُمْ صَلَّيْتُمْ فِي بُيُوتِكُمْ كَمَا يُصَلِّي هَذَا الْمُتَخَلِّفُ فِي بَيْتِهِ لَتَرَكْتُمْ سُنَّةَ نَبِيِّكُمْ وَلَوْ تَرَكْتُمْ سُنَّةَ نَبِيِّكُمْ لَضَلَلْتُمْ

''তোমরা যদি এই নামাযগুলো বাড়িতে আদায় কর যেমন জামাআত পরিত্যাগকারী এই ব্যক্তি নিজ বাড়ীতে নামায আদায় করে থাকে, তবে তোমরা তোমাদের নবীর অনুসরণ ছেড়ে দিলে। আর তোমরা যদি তোমাদের নবীর অনুসরণ ছেড়ে দাও তাহলে পথভ্রষ্ট হয়ে যাবে।''[1]



ফুটনোট

[1] . দ্ৰঃ ৪০৪ নং হাদীছ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন